



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ স্মরণিকা প্রকাশ উপকমিটি  
পরিসংখ্যান ভবন (৭ তলা), ব্লক-১, ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

**বিষয়: জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা আহ্বান।**


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে দেশের সরকারি পরিসংখ্যান সংগ্রহ, প্রস্তুত, প্রকাশ, সংরক্ষণ ও সত্যকরণ করে থাকে। তাছাড়া, বিবিএস জাতীয় ও স্থানীয় পর্যায়ের পরিকল্পনা প্রণয়নে পরিকল্পনাবিদ, নীতিনির্ধারক, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, বিভিন্ন আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা, অংশীজন এবং জনসাধারণের ব্যবহারের জন্য তথ্য-উপাত্ত নিয়মিতভাবে সরবরাহ করে আসছে।

০২। বর্তমান প্রেক্ষাপটে বহির্বিশ্ব ও দেশীয়ভাবে পরিসংখ্যানকে পরিচিত করা ও গুণগত পরিসংখ্যান ব্যবহার জনপ্রিয় করার লক্ষ্যে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে তৃতীয় বারের মতো “জাতীয় পরিসংখ্যান দিবস” যথাযথভাবে পালনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এবারের জাতীয় পরিসংখ্যান দিবসের প্রতিপাদ্য বিষয় হলো—

**‘স্মার্ট বাংলাদেশের ভিত্তি, পরিসংখ্যান ব্যবস্থার উন্নতি’**

০৩। পরিসংখ্যান দিবস, ২০২৩ উদযাপনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুভ উদ্বোধন করার সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন। এ উপলক্ষ্যে একটি দৃষ্টিনন্দন ও সমৃদ্ধ স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত স্মরণিকায় প্রতিপাদ্যের সাথে সঙ্গতি রেখে পরিসংখ্যান ও আর্থসামাজিক উন্নয়ন বিষয়ে প্রবন্ধ, নিবন্ধ, স্মৃতিকথা ইত্যাদি লেখা (বাংলা/ইংরেজি যেকোনো ভাষায় আনুমানিক ২০০০ শব্দের মধ্যে) আহ্বান করা যাচ্ছে।

০৪। আগ্রহী সম্মানিত লেখকগণকে আগামী ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে লেখার সফট কপি (যেকোনো ইউনিকোড ফন্টে) নিম্নস্বাক্ষরকারীর ইমেইল ঠিকানায় [alamgir.hossen@bbs.gov.bd](mailto:alamgir.hossen@bbs.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



মো. আলমগীর হোসেন

উপপরিচালক

ও

সদস্য-সচিব, স্মরণিকা প্রকাশ উপকমিটি

☎ ০২ ৫৫০০৭০৫৫

ইমেইল: [alamgir.hossen@bbs.gov.bd](mailto:alamgir.hossen@bbs.gov.bd)

প্রাপক:

.....  
.....  
.....  
.....